



**ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ**  
**প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)**  
**৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।**  
**হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট**

তারিখঃ ১২ মাঘ ১৪২৯  
২৬ জানুয়ারি ২০২৩

**প্রশাসনিক পরিপত্র নং- ১১/২০২৩**

চাকরি (ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান) (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এবং অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ৩১ জানুয়ারি, ২০১৮ তারিখের এস,আর,ও নং ৪১-আইন/২০১৮ অনুযায়ী সকল কর্মচারীর সন্তান শিক্ষা সহায়ক ভাতা প্রদানের বিষয়ে নিম্নরূপ বিধান রয়েছে:

- ক) সকল কর্মচারীর জন্য সন্তান প্রতি মাসিক ৫০০/- (পাঁচশত) টাকা হারে এবং অনধিক ০২ (দুই) সন্তানের জন্য মাসিক সর্বোচ্চ ১০০০/- (এক হাজার) টাকা 'শিক্ষা সহায়ক ভাতা' প্রদেয় হবে।
- খ) স্বামী ও স্ত্রী উভয়ই চাকরিজীবী হলে সন্তান সংখ্যা যে কোন একজনের ক্ষেত্রেই গণনা করে ভাতার পরিমাণ নির্ধারণ করতে হবে।
- গ) শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন পত্র (Enrolement Certificate from the Head of Institute) এবং জন্ম নিবন্ধন সনদের কপি (Copy of Birth Certificate) দাখিল সাপেক্ষে এ ভাতা প্রদেয় হবে। জন্ম নিবন্ধন সনদ মোতাবেক এ ভাতা ২৩ (তেইশ) বছর পর্যন্ত বয়সী সন্তান/সন্তানেরা প্রাপ্য হবেন।

০২। উপরিউক্ত বর্ণনা মোতাবেক কর্পোরেশনের কর্মচারীগণ জানুয়ারি-ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত সন্তান প্রতি মাসিক ৫০০/- (পাঁচশত) টাকা হারে এবং অনধিক ২ (দুই) সন্তানের জন্য মাসিক সর্বোচ্চ ১০০০/- (এক হাজার) টাকা শিক্ষা সহায়ক ভাতা প্রাপ্য হবেন।

০৩। উপর্যুক্ত বিধানের আওতায় সন্তান শিক্ষা সহায়ক ভাতা প্রাপ্তির জন্য কর্পোরেশনের কর্মচারীগণকে সংযুক্ত নমুনা অনুযায়ী আবেদন ও এতৎসঙ্গে নিম্নলিখিত দলিলাদি সংযুক্তকরণপূর্বক হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট- এ দাখিল করার জন্য অনুরোধ করা হলো:

- ক) শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন পত্র (Enrolement Certificate from the Head of Institute);
- খ) জন্ম নিবন্ধন সনদের কপি (Copy of Birth Certificate)

০৪। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

(এস, এম, সিরাজুল ইসলাম)  
সহকারী মহাব্যবস্থাপক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
৩. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পা নিসমূহ।
৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

**অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

তারিখ:

সহকারী মহাব্যবস্থাপক

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

আইসিবি, প্রধান কার্যালয়

ঢাকা।

**বিষয়: শিক্ষা সহায়ক ভাতা প্রদান প্রসঙ্গে।**

মহোদয়,

উপরিউক্ত বিষয়ে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-এর ২৬ জানুয়ারি ২০২৩ তারিখের প্রশাসনিক পরিপত্র নং ১১/২০২৩ উল্লেখ্য।

০২। উক্ত প্রশাসনিক পরিপত্র মোতাবেক নিম্নস্বাক্ষরকারীর .....জন সন্তানের শিক্ষা সহায়ক ভাতা প্রদান করার নিমিত্ত নিম্নোক্ত তথ্যাদি উপস্থাপন করা হলোঃ

১.	কর্মচারীর নাম	:			
২.	পদবি ও গ্রেড	:			
৩.	আইডি নং	:			
৪.	বর্তমান কর্মস্থল	:			
৫.	ক) স্বামী/স্ত্রী চাকুরিজীবী কি-না? (হ্যাঁ/ না)	:			
	খ) স্বামী/স্ত্রী চাকুরিজীবী হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নাম এবং স্বামী/স্ত্রী এর নাম	:			
	গ) আপনার স্বামী/স্ত্রী চাকুরিজীবী হিসেবে উক্ত প্রতিষ্ঠান হতে সন্তান শিক্ষা সহায়ক ভাতা গ্রহণ করেন কি-না? (হ্যাঁ/ না)	:			
৬.	সন্তান/ সন্তানদের বিবরণ:				
	ক্রম.	সন্তান/ সন্তানদের নাম	জন্ম তারিখ	শ্রেণি ও শিক্ষাবর্ষ	শিক্ষা প্রতিষ্ঠানের নাম
	ক.				
খ.					

০৩। এমতাবস্থায়, আমার .....জন সন্তানের জন্ম নিবন্ধন সনদের কপি এবং শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন পত্র এতৎসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,

স্বাক্ষর ও তারিখ :

নাম :

